

## পশ্চিমবঙ্গে মাদ্রাসা উচ্ছেদ বন্ধ করতে হবে

—বেলাফত মজলিস

স্টাফ রিপোর্টার : বেলাফত মজলিসের আমীর মাওলানা মুহাম্মদ ইসহাক বলেছেন, ভারতের পশ্চিমবঙ্গে মাদ্রাসা উচ্ছেদের যে তৎপরতা পশ্চিমবঙ্গ সরকার শুরু করেছে তা অনতিবিলম্বে বন্ধ করতে হবে। তিনি আরও বলেন, পৃথিবীর বিভিন্ন প্রান্তে মসজিদ, মাদ্রাসাসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের ওপর হামলা বন্ধে মুসলমানদের ঐক্যবদ্ধভাবে ভূমিকা পালন করতে হবে। বাংলাদেশ বেলাফত মজলিস ডেমরা পশ্চিম খানার উদ্যোগে গতকাল (তরবার) সকালে স্থানীয় স্ট্রাট কমিউনিটি সেন্টারে আয়োজিত ওলামা ও সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

খানা সভাপতি মুফতী এ বি এম শরীফ উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সংগঠনের মহাসচিব অধ্যাপক আহমদ আবদুল কাদের। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নেতা অধ্যাপক এম কে জামান, মহানগরী সহ-সভাপতি মাওলানা ইসহাক, মহানগরী সেক্রেটারী শেখ গোলাম আসগর, হাফেজ মাওলানা মোস্তফা কামাল, মুফতী মুজামিলুল হক ফারুকী প্রমুখ।

অধ্যাপক আহমদ আবদুল কাদের বলেন, ইসলাম বিষয়ী চত্রে পৃথিবীর বিভিন্ন স্থানে পরিকল্পিত সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে মুসলমানদের পয়সা হিন্দেবে চিহ্নিত করার অপপ্রয়াস চালাচ্ছে।